

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন  
ঢাকা

০৩.০৮৩.০২৪.০০.০০.০৫৯.২০১৫-১২(১)  
পত্র সংখ্যা .....

৩০ মাঘ, ১৪২৩ বাং  
তারিখ ১২ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন

আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতা সম্পর্কে ঐকমত্য প্রতিষ্ঠা এবং আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন ও কর্মসম্পাদনের জন্য বলিষ্ঠ নেতৃত্ব ও দিক নির্দেশনা প্রদানের নিমিত্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৯ এপ্রিল, ২০১৫ তারিখের ০৩.০৮৩.০২৪.০০.০০.০৫৯.২০১৫-১৫৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে সরকার কর্তৃক গঠিত কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলোঃ

- |  |            |
|--|------------|
| (১) মাননীয় প্রধানমন্ত্রী  | -সভাপতি    |
| (২) মাননীয় অর্থমন্ত্রী  | -সহ-সভাপতি |
| (৩) মাননীয় বাণিজ্য মন্ত্রী  | -সদস্য     |
| (৪) মাননীয় কৃষি মন্ত্রী   | -সদস্য     |
| (৫) মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী                                     | -সদস্য     |
| (৬) মাননীয় পানি সম্পদ মন্ত্রী   | -সদস্য     |
| (৭) মাননীয় নৌ-পরিবহন মন্ত্রী  | -সদস্য     |
| (৮) মাননীয় পররাষ্ট্র মন্ত্রী  | -সদস্য     |
| (৯) মাননীয় রেলপথ মন্ত্রী  | -সদস্য     |
| (১০) মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী                                   | -সদস্য     |
| (১১) মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা                              | -সদস্য     |
| (১২) মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা                             | -সদস্য     |
| (১৩) মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা            | -সদস্য     |
| (১৪) মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা | -সদস্য     |
| (১৫) মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা                      | -সদস্য     |
| (১৬) মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়      | -সদস্য     |
- ২। কমিটির কার্যপরিধিঃ
- (ক) আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতার জন্য বিভিন্ন খাত চিহ্নিতকরণ;
- (খ) সুনির্দিষ্ট সময়ের মধ্যে আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতার জন্য ঐকমত্য প্রতিষ্ঠায় দিক নির্দেশনা প্রদান;
- (গ) আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন বা কর্মসম্পাদনের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;
- (ঘ) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।
- ৩। কমিটির সাচিবিক ও নির্বাহী দায়িত্ব প্রধানমন্ত্রীর কার্যালয়ের উপ-আঞ্চলিক সহযোগিতা সেলের উপর ন্যস্ত থাকবে।
- ৪। সাধারণ/নৈমিত্তিক পত্রালাপসহ কূটনৈতিক বিষয়ক কার্যাদি পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সহায়তা/প্রকল্প বিষয়ক কার্যাদি অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে সম্পন্ন করা হবে।
- ৫। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং সাব-কমিটি গঠন করতে পারবে।
- ৬। এ প্রসংগে ২৯ এপ্রিল, ২০১৫ তারিখে জারীকৃত কমিটি পুনর্গঠন সংক্রান্ত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হল।
- ৭। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/=  
তারিখঃ ১২/০২/২০১৭  
সুরাইয়া বেগম, এনডিসি  
সিনিয়র সচিব

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব, অর্থ/বাণিজ্য/কৃষি/সড়ক পরিবহন ও মহাসড়ক/সেতু/পানি সম্পদ/নৌ-পরিবহন/পররাষ্ট্র/রেলপথ/বিজ্ঞান ও প্রযুক্তি/জ্বালানী ও খনিজ সম্পদ/বিদ্যুৎ মন্ত্রণালয়/বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/কৃষি মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/পানি সম্পদ মন্ত্রণালয়/ নৌ-পরিবহন মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়/রেলপথ মন্ত্রণালয়/সেতু বিভাগ/ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়/বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা/অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা/আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা/বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা/নিরাপত্তা বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব/, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। মহাপরিচালক-২/মহাপরিচালক (প্রশাসন)/মহাপরিচালক (উপ-আঞ্চলিক সহযোগিতা সেল), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৭। মুখ্য সচিব/সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মুখ্য সচিব/সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সিস্টেমস্ এনালিস্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

(নীলিমা আখতার)

পরিচালক-১(যুগ্ম-সচিব)

উপ-আঞ্চলিক সহযোগিতা সেল

ফোন-৯১১০৬৪৪

ই-মেইলঃ dirscc1@pmo.gov.bd